# উপজেলা পরিষদ কর্যালয়
# ভান্ডারিয়া, পিরোজপুর।

## ভাণ্ডারিয়া উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২৩ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ মিরাজুল ইসলাম<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ভাণ্ডারিয়া, পিরোজপুর। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| তারিখ ও সময় | ঃ | ১৩/০২/২০২৩ খ্রিঃ, বেলা ১২:০০ মিঃ। |
| উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে) | ঃ | পরিশিষ্ট-'ক' |
| অনুপস্থিত সদস্যবৃন্দ | ঃ | পরিশিষ্ট-'খ' |

সভার শুরুতে সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ভাণ্ডারিয়া বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়।

২। আলোচনা ও সিদ্ধান্ত ঃ সভায় উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের বিভাগওয়ারী কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং তা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান হয় ঃ

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | উপজেলা স্বাস্থ্য বিভাগ ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সকল সেবা সঠিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি বলেন, হাসপাতাল যাতে পরিষ্কার-পরিচ্ছন্ন থাকে সে জন্য বিভিন্ন পদক্ষেপ ইতিমধ্যে নেয়া হয়েছে। ভ্যাকসিন কার্যক্রম (৩য় ও ৪র্থ ডোস) আরও জোরদার করার জন্য সবাইকে স্ব-উদ্যোগে ভ্যাকসিন নেওয়ার পরামর্শ দেন। সভাপতি কমিউনিটি ক্লিনিক সেবা কার্যক্রম জোরদার করার জন্য কমিউনিটি ক্লিনিক কমিটিকে আরও সক্রিয় হওয়ার ও বিভিন্ন পদক্ষেপ নেওয়ার পরামর্শ দেন। হাসপাতালে যাতে একটি বঙ্গবন্ধু কর্ণার নির্মাণ করা হয় এ বিষয় স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা একটি প্রস্তাব রাখেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ২ | উপজেলা কৃষি বিভাগ ঃ উপজেল কৃষি কর্মকর্তা বলেন, কৃষকদের মাঝে সময়মতো সার ও বীজ বিতরণ করা হয়েছে। বিতরণকৃত সার ও বীজ কৃষকরা যথাযথভাবে প্রয়োগ করছে কি-না তার তদারকি অব্যাহত আছে। এছাড়া তিনি আরও বলেন, অনাবাদি জমি কি কারণে পড়ে আছে তার তদারকি কার্যক্রম খুব শীঘ্রই শুরু হবে। "এক ইঞ্চি জমিও যাতে অনাবাদি না থাকে" মাননীয় প্রধানমন্ত্রীর এই প্রতিপাদ্যকে লক্ষ্য রেখে কৃষকদের জন্য কৃষি বিষয়ক প্রোগ্রাম হাতে নেয়া হয়েছে যা আগামী ২৬ ফেব্রুয়ারি ২০২৩ থেকে শুরু হবে। চলমান রবি মৌসুমে ১৫০ হেক্টর জমিতে বোরো আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়। কিন্তু উক্ত লক্ষ্যমাত্রা ছাড়িয়ে প্রায় ৩৫০ হেঃ এর বেশী জমিতে বোরো আবাদ করা হয়েছে। রোপন কৃত বোরো ফসলে তেমন কোন রোগবালাই নাই। শতভাগ জমিতে পার্চিং কার্য্যক্রম সম্পন্ন হয়েছে। বোরো ছাড়াও বাকি দন্ডায়মান রবি ফসলের ও শাক সব্জীর সার্বিক অবস্থা ভাল, রোগ ও পোকামাকড় এর উপদ্রব তুলনা মূলক ভাবে অনেক কম। আগামী খরিপ-১ মৌসুমে উফশী আউশ উৎপাদন বৃদ্ধির লক্ষে কৃষি প্রণোদনা কার্য্যক্রম চলমান আছে। পতিত জমির সঠিক ব্যাবহারের মাধ্যমে বিভিন্ন প্রকার বহুমূখী ফসলের আবাদে কৃষক দেরকে এমন ভাবে উদ্বুদ্ধ করা হচ্ছে যাহাতে এক ইঞ্চি জমি ও চাষের বাহিরে না থাকে, সে লক্ষে জোড়ালো ভাবে কার্য্যক্রম চালিয়ে যাওয়া হচ্ছে। বর্তমান মাসে অত্র উপজেলায় রাসায়নিক সারের কোন ঘাটতি নাই এবং প্রয়োজনী রাসায়নিক সারের যথেষ্ট মজুদ রয়েছে। সর্বপরি উপ-সহকারী কৃষি কর্মকর্তাগনকে সার্বক্ষনিক মাঠে অবস্থান পূর্বক কৃষকগনকে তাদের চাহিদা মোতাবেক যথোপযুক্ত পরামর্শ প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে এবং সে মোতাবেক তাঁরা কার্যক্রম চালিয়ে যাচ্ছেন। দপ্তরের অন্যান্য কার্যক্রম সন্তোষ জনক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা কৃষি অফিসার |
| ৩ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম ভালোভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৪ | **উপজেলা মৎস্য দপ্তর ঃ** উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় জানান ভান্ডারিয়া উপজেলায় ৯৭০ জন নতুন মৎস্যজীবী নিবন্ধন সম্পন্ন হয়েছে। এর মধ্যে পৌরসভা ৪৩জন, ভিটাবাড়িয়া ৭৭ জন, নদমূলা ৩২৪ জন তেলিখালী ৩০৫ জন, গৌরিপুর ৪২ জন, ধাওয়া ০৯জন, ইকড়ি ১৭০ জন, ০৪-১০ জানুয়ারী ১ম ধাপ, ১৯-২৬ জানুয়ারি ২য় ধাপ, ০৩-০৯ ফেব্রুয়ারি, ৩য় ধাপ ও ১৮-২৫ ফেব্রুয়ারি ৪র্থ ধাপে উপকূলীয় মৎস্য সম্পদ ধ্বংসকারী বেহুন্দি ও অন্যান্য অবৈধ জাল নির্মূলকরন সংক্রান্ত বিশেষ কম্বিং অপারেশন-২০২৩ চলমান রয়েছে। জাটকা সংরক্ষণ কার্যক্রমের অংশ হিসেবে সচেতনতা সভা, মাইকিং, ব্যানার, টানানো, লিফলেট বিতরণ করা হয়েছে এবং বাংলাদেশ কোষ্টগার্ডের সাথে আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট/অভিযান চলমান রয়েছে। ভান্ডারিয়া উপজেলায় ২৭৫০ জন জেলের মধ্যে ৪ কেজে হারে ১১০ মে.টন চাল বরাদ্দ করা হয়েছে। তার দপ্তরের কার্যক্রম ভালোভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। উপকূলীয় মৎস্য সম্পদ ধ্বংসকারী বেহুন্দি ও অন্যান্য অবৈধ জাল নির্মূল করার বিষয়ে আরও জোরালো পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ | **উপজেলা প্রকৌশলীর দপ্তরঃ** উপজেলা প্রকৌশলী (এলজিইডি) সভায় জানান, তার দপ্তরের কার্যক্রম ভালোভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা প্রকৌশলী, ভান্ডারিয়া। |
| ৬ | **উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা |
| ৭ | **উপজেলা সমাজসেবা দপ্তর ঃ** উপজেলা সমাজসেবা কর্মকর্তা বলেন তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৮ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন শিক্ষা প্রতিষ্ঠানের পাঠদান কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ৯ | **উপজেলা শিক্ষা দপ্তর ঃ** উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম ভালো ভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ১০ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর ঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম ভালো ভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যেতে হবে। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১১ | **উপজেলা যুব উন্নয়ন দপ্তর ঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২ | **উপজেলা মহিলা বিষয়ক দপ্তর ঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন তার দপ্তরের কার্যক্রম ভালো ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩ | **উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪ | **উপজেলা সমবায় দপ্তর ঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম ভালো ভাবে চলছে। | বিভাগীয় সকল কার্যক্রম যথাযথভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর ঃ** সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় তার দপ্তরের আওতায় বরাদ্দকৃত টিউবয়েল স্থাপন কার্যক্রম চলমান রয়েছে। এছারা তার দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৬ | **উপজেলা বন বিভাগ ঃ** উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | **উপজেলা খাদ্য বিভাগ ঃ** উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। বর্তমানে ভিজিএফ বরাদ্দ প্রদান করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৮ | **পরিসংখ্যান বিভাগঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৯ | **আনসার ও ভিডিপি কর্মকর্তাঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের জন্য উপজেলা পরিষদের অভ্যন্তরে জমি বরাদ্দ প্রদানের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়কে অনুরোধ জানান। তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২০ | **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সঃ** স্টেশন কর্মকর্তা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সভায় তার কার্যক্রম যথাযথভাবে চলছে। সকলের সহযোগিতা করার জন্য অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ২১ | **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ** ব্যবস্থাপক অত্র উপজেলায় নতুন যোগদান করায় সভায় তার পরিচয় প্রদান করেন। তার দপ্তরের কার্যক্রম ভালোভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | উপজেলা সমন্বয়কারী |
| ২২ | **ওজোপাডিকোঃ** আবাসিক প্রকৌশলী, ওজোপাডিকো সভায় জানান তার দপ্তরের কার্যক্রম ভালোভাবে চলছে। | উপজেলা পরিষদের বিদ্যুতের লাইন গুলি সঠিক ভাবে স্থাপন করার জন্য তাকে অনুরোধ | আবাসিক প্রকৌশলী, ওজোপাডিকো |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | জানানো হয়। | |
| ২৩ | পল্লী বিদ্যুৎ বিভাগঃ এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান অবৈধ বিদ্যুতের সংযোগ বিচ্ছিন্ন করার কার্যক্রম চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে চালিয়ে যেতে হবে। | এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৪ | চেয়ারম্যান, ভিটাবাড়িয়া ইউনিয়ন পরিষদঃ তিনি জানান যে, তার ইউনিয়নে সরকারের উন্নয়ন মূলক/সামাজিক কার্যক্রম ভালো ভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান, ভিটাবাড়ীয়া ইউপি |
| ২৫ | চেয়ারম্যান, নদমুলা ইউনিয়ন পরিষদঃ তিনি জানান যে, তার ইউনিয়নে সরকারের উন্নয়ন মূলক/সামাজিক কার্যক্রম ভালো ভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান, নদমুলা শিয়ালকাঠী ইউপি |
| ২৬ | চেয়ারম্যান, তেলিখালী ইউনিয়ন পরিষদঃ তিনি জানান যে, তার ইউনিয়নে সরকারের উন্নয়ন মূলক/সামাজিক কার্যক্রম ভালো ভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান তেলিখালী ইউপি |
| ২৭ | চেয়ারম্যান, ইকড়ি ইউনিয়ন পরিষদঃ তিনি জানান যে, তার ইউনিয়নে সরকারের উন্নয়ন মূলক/সামাজিক কার্যক্রম ভালো ভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান, ইকড়ি ইউনিয়ন পরিষদ |
| ২৮ | চেয়ারম্যান, ধাওয়া ইউনিয়ন পরিষদঃ তিনি জানান যে, তার ইউনিয়নে সরকারের উন্নয়ন মূলক/সামাজিক কার্যক্রম ভালো ভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, ধাওয়া ইউপি |
| ২৯ | চেয়ারম্যান, গৌরিপুর ইউনিয়ন পরিষদঃ তিনি জানান যে, তার ইউনিয়নে সরকারের উন্নয়ন মূলক/সামাজিক কার্যক্রম ভালো ভাবে চলছে। | ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য অনুরোধ জানানো হয় | চেয়ারম্যান, গৌরিপুর ইউনিয়ন পরিষদ |

জনাব সীমা রানী ধর, উপজেলা নির্বাহী অফিসার জানান যে, ২০২২-২৩ অর্থবছরে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন **"মুজিবশতবর্ষ উপলক্ষ্যে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন "ভূমিহীন ও গৃহহীন 'ক' শ্রেণির পরিবারের জন্য গৃহনির্মাণ"** প্রকল্পের আওতায় মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের ৩১.০৩.২০২২ খ্রি. তারিখের ০১.০২.০০০০.৭০৩.১৪.৪৭৬.২২-৩৯৯ নং স্মারকের আদেশ মোতাবেক 'বাংলাদেশের এক জন মানুষ ও গৃহহীন থাকবে না' মাননীয় প্রধানমন্ত্রীর এ নির্দেশনা বাস্তবায়নে দেশের সকল ভূমিহীন-গৃহহীন (ক-শ্রেণির) পরিবারকে দুই শতক জমিসহ গৃহ প্রদান কার্যক্রম পরিচালনার জন্য ধারাবাহিকভাবে ভান্ডারিয়া উপজেলায় ১ম, ২য় ও ৩য় পর্যায়ে ১১০+৩৫০+২০০=৬৬০ জন ভূমিহীন ও গৃহহীন পরিবারকে গৃহ প্রদান করা হয়েছে। ৪র্থ পর্যায়ে পুনর্বাসনের লক্ষ্যে আরও ১৪১ জন ভূমিহীন ও গৃহহীন পরিবারের তালিকা প্রনয়ন করা হয়েছে। যা গত ০৪.০৮.২০২২ খ্রি. তারিখের উপজেলা টাস্কফোর্স কমিটির সভয় সর্ব সম্মতিক্রমে অনুমোদিত হয়। গত ১০/১০/২০২৩ তারিখ অনুষ্ঠিত উপজেলা যৌথ কমিটির সভায় ৪র্থ পর্যায়ে পুনবাসিতব্য ১৪১ জনকে ঘর প্রদান করা হলে নদী ভাঙন বা অন্য কোনো কারণে নতুন কোন ভূমিহীন তৈরি না হলে ভান্ডারিয়া উপজেলায় আরকোন 'ক' শ্রেণির ভূমিহীন থাকবে না এবং ভান্ডারিয়া উপজেলা "ক" শ্রেণির ভূমিহীন মুক্ত হবে মর্মে স্ব স্ব ইউনিয়নের চেয়ারম্যানগণ ইতোমধ্যেই তাদের ইউনিয়নকে ভূমিহীনমুক্ত ঘোষণার প্রত্যয়ন করেছেন। এ প্রেক্ষিতে ভান্ডারিয়া উপজেলাকে আনুষ্ঠানিকভাবে ভূমিহীন ও গৃহহীন মুক্ত ঘোষণার পরবর্তী কার্যক্রমে অগ্রসর হওয়া যেতে পারে মর্মে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সর্বোপরি বর্তমান সরকারের সকল উন্নয়ন মূলককাজ সঠিক ভাবে করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।

জনাব মোঃ মিরাজুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভান্ডারিয়া পিরোজপুর বর্তমান সরকারের সকল কার্যক্রম সরকারী কর্মকর্তাদের সঠিক নিয়মে পালন করার জন্য নির্দেশনা প্রদান করেন। বর্তমান সরকারের সকল উন্নয়ন মূলককাজ সঠিক ভাবে হচ্ছে কিনা তা নিয়মিত তদারকি করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

(মোঃ মিরাজুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদের মাসিক সভা
ভাণ্ডারিয়া, পিরোজপুর।

Scanned with CamScanner

স্মারক নং- ০৫.০০.৭৯১৪.০০৪.০৬.০০১.২০২৩-~~৭৮~~ ৮৫৫

তারিখ ঃ ১৩/০২/২০২৩খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ সদয় অবগতির/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। জনাব আনোয়ার হোসেন মঞ্জু, মাননীয় সংসদ সদস্য, ১২৮, পিরোজপুর-০২।
২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৩। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪। জেলা প্রশাসক, পিরোজপুর।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পিরোজপুর।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
৭। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
৮। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
৯। উপজেলা ................................................... কর্মকর্তা, ভাণ্ডারিয়া, পিরোজপুর।
১০। চেয়ারম্যান .............................. ইউনিয়ন পরিষদ (সকল), ভাণ্ডারিয়া, পিরোজপুর।
১১। জনাব ..................................................................ভাণ্ডারিয়া, পিরোজপুর।
১২। অফিস কপি।

১৩/০২/২০২৩

(সীমা রানী ধর)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ভাণ্ডারিয়া, পিরোজপুর।

Scanned with CamScanner